



ওয়াশিংটনের সঙ্গে চুক্তির খবর ভিত্তিহীন: তেহরান



ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্ভাব্য কোনো চুক্তি চূড়ান্ত হয়েছে—এমন খবরকে ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছে ইরান। দেশটির দাবি, চলমান আলোচনা এখনো চূড়ান্ত পর্যায়ে পৌঁছেনি এবং এ বিষয়ে প্রচারিত বিভিন্ন তথ্য বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই বলেছেন, আলোচনার অগ্রগতি নিয়ে যেসব দাবি করা হচ্ছে, সেগুলো সময়ের আগেই করা হচ্ছে। এখন পর্যন্ত কোনো বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি এবং সমঝোতা সম্পন্ন হওয়ার মতো পরিস্থিতিও তৈরি হয়নি।

রাষ্ট্রীয় সংবাদমাধ্যম ইরনার প্রতিবেদনে বলা হয়েছে, আলোচনা অব্যাহত থাকলেও গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি বিষয়ে এখনো সমাধান বাকি রয়েছে। ফলে চুক্তি সম্পন্ন হওয়ার খবরকে আগাম ও বিভ্রান্তিকর হিসেবে দেখছে তেহরান।

তবে তাসনিম নিউজ এজেন্সিকে দেওয়া এক সাক্ষাৎকারে ইসমাইল বাঘেই জানান, আলোচনার খসড়ার বড় অংশ নিয়ে কাজ শেষ হয়েছে। একই সঙ্গে তিনি অভিযোগ করেন, আলোচনা প্রক্রিয়ায় যুক্তরাষ্ট্র একাধিকবার অবস্থান পরিবর্তন করেছে, যা সমঝোতার পথকে আরও জটিল করে তুলেছে।

ওয়াশিংটন ও তেহরানের মধ্যে যোগাযোগ অব্যাহত থাকলেও চূড়ান্ত সমঝোতা নিয়ে এখনো কোনো আনুষ্ঠানিক ঘোষণা আসেনি।